

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট

নথি নম্বরঃ ৪৬.০৫.০০০০.৬২৬.৩৫.০১৪.২৪ নথির বিষয়ঃ Repair & maintenance of 1 KV UPS of DTW for SCADA System of SKWP, DWASA.

নোটঃ ১ নোটের বিষয়ঃ Repair & maintenance of 1 KV UPS of DTW for SCADA System of SKWP, DWASA. কাজের অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৬/৫/২৪ ৬:২৪ অপরাহ্ন

সাভার-কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্টে ২ টি আয়রন রিমুভাল প্লান্ট, ৪৬ টি গভীর নলকূপ (বাকী ১ টি নলকূপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য আধুনিক অটোমোটেড স্ক্যাডা সিস্টেম রয়েছে। অত্র প্ল্যান্টের আওতাধীন প্রায় ২০ বর্গ কিলোমিটার এলাকায় বিদ্যমান ৪৬ পানির পাম্প-মোটরসহ ২টি আয়রন রিমুভাল প্ল্যান্টের অধিকাংশ ইলেকট্র-মেক্যানিক্যাল যন্ত্রপাতি স্ক্যাডা সিস্টেমের মাধ্যমে পরিচালনা করা হয়। স্ক্যাডা সিস্টেম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রতিটি পাম্প-কম্পাউন্ডে একটি করে ১ কেভি ইউপিএস আছে। দীর্ঘদিন চলায় ফলে বেশ কিছু ইউপিএস সামান্য ত্রুটির কারণে অচল হয়ে আছে। ইউপিএসগুলো মেরামত করে পুনরায় ব্যবহার করা যাবে। বর্তমানে অত্র বিভাগের উপ-ভাগে কোন নতুন ইউপিএস মজুদ নাই। এ কারণে পানির পাম্প-মোটরগুলো স্ক্যাডা সিস্টেমের মাধ্যমে সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে অচল ইউপিএসগুলো মেরামত করা জরুরী প্রয়োজন।

সংযুক্তিসমূহ (৩):

১। ২০২৩-২৪ অর্থ বছরের সংশোধিত অনুমোদিত ক্রয়-পরিকল্পনার কপি।

২। সার্ভে রিপোর্ট।

৩। প্রস্তাবিত কাজের প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৬/৫/২৪ ৬:২৪ অপরাহ্ন

৭টি ১ কেভি অচল ইউপিএস মেরামতের জন্য দক্ষ টেকনিশিয়ানের মাধ্যমে সার্ভে করিয়ে সর্বমোট ৬৪৮,৫৫০.০০ (আটচল্লিশ হাজার পাঁচশত পঞ্চাশ দশমিক শূন্য শূন্য) টাকার একটি প্রাক্কলন (ক্রঃনং-০৩) প্রস্তুত করা হয়েছে। আলোচ্য মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের ব্যয়ভার সাকেওপা এর ২০২৩-২৪ ইং অর্থ বছরের সংশোধিত প্রাক্কলিত বাজেটের পরিচালনা ব্যয় খাতের ক্রঃনং-২৭ এর উপ-খাত “পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম) (কোড নং-০১-০৪-০১১)” ও ২০২৩-২৪ ইং অর্থ বছরের সংশোধিত অনুমোদিত ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং-১৭৪ হতে নির্বাহ করা হবে (সংযুক্তি-১)।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৬/৫/২৪ ৬:২৫ অপরাহ্ন


এমতাবস্থায়, অনুচ্ছেদঃ ১.০ হতে ১.১ পর্যন্ত বিস্তারিত বর্ণনার আলোকে “Repair & maintenance of 1 KV UPS of DTW for SCADA System of SKWP, DWASA.” শীর্ষক কাজটি সম্পাদনের নিমিত্তে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) বর্ণিত কাজের জন্য সর্বমোট ৬৪৮,৫৫০.০০ (আটচল্লিশ হাজার পাঁচশত পঞ্চাশ দশমিক শূন্য শূন্য) টাকার প্রাক্কলন অনুমোদন;

খ) পিপিআর-২০০৮ এর বিধি ৭৬(১)(ট) অনুযায়ী অভিজ্ঞ ঠিকাদার প্রতিষ্ঠান “M/S Suzana Enterprise” এর সহিত সরাসরি ক্রয় পদ্ধতিতে (DPM) সম্পাদনের অনুমোদন এবং



গ) আলোচ্য কাজের ব্যয়ভার অত্র বিভাগের ২০২৩-২৪ খ্রিঃ অর্থ-বছরের সংশোধিত প্রাক্কলিত বাজেট বরাদ্দের পরিচালনা খাতের ক্রঃনং-২৭ এর উপ-খাত “পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম) (কোড নং-০১-০৪-০১১)” ও ২০২৩-২৪ ইং অর্থ বছরের সংশোধিত অনুমোদিত ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং-১৭৪ হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লিখিত প্রস্তাবসমূহ প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক অনুমোদনের জন্য সদয় উপস্থাপন করা হলো।

		
৭/৫/২৪ ১২:২৬ অপরাহ্ন সুদীপ্ত কুমার ঘোষ উপ-সহকারী প্রকৌশলী সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট	৭/৫/২৪ ১২:৩৮ অপরাহ্ন কাজী বিল্লাল হোসেন সহকারী প্রকৌশলী সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট	৭/৫/২৪ ১২:৩৮ অপরাহ্ন মসুদুল আলম নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট


অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৮/৫/২৪ ১:১০ পূর্বাহ্ন

উপরোক্ত বর্ণনার আলোকে অনুচ্ছেদ ১.২ এর প্রস্তাব সদয় অনুমোদনের জন্য সুপারিশ করা হল। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

 ৮/৫/২৪ ১:১০ পূর্বাহ্ন মাসুদুল আলম নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট	 ৮/৫/২৪ ৮:৪৭ পূর্বাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	 ৮/৫/২৪ ৮:৪৭ পূর্বাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
---	---	--


অনুচ্ছেদ ১.৪ - তারিখ: ৯/৫/২৪ ১২:৪১ পূর্বাহ্ন

Okay

 ৯/৫/২৪ ১২:৪১ পূর্বাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	 ৯/৫/২৪ ৭:৩০ পূর্বাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	 ৯/৫/২৪ ৭:৩০ পূর্বাহ্ন মাসুদুল আলম নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট
--	---	--

অনুচ্ছেদ ১.৫ - তারিখ: ৯/৫/২৪ ২:০৫ অপরাহ্ন

অনুচ্ছেদ ১.৪ এর অনুমোদনের আলোকে চুক্তিস্বাক্ষর ও কায্যাদেশ ইস্যুর ব্যবস্থা নিন।

 ৯/৫/২৪ ২:০৬ অপরাহ্ন মাসুদুল আলম নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট	 ২/৬/২৪ ১২:১৩ অপরাহ্ন সুদীপ্ত কুমার ঘোষ উপ-সহকারী প্রকৌশলী সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট
---	---